



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট
পরিকল্পনা ও উন্নয়ন শাখা
বাড়ি-৪৪, সড়ক-১২/এ, ধানমন্ডি, ঢাকা-১২০৯
www.pmeat.gov.bd; ফ্যাক্স: ০২-৮১৯১০১৯



স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.১৪৯

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৯

২৭ জুন ২০২২

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে 'চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক ১২ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালার প্রতিবেদন প্রেরণ।
সূত্র: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৬ অনুযায়ী।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৬ অনুযায়ী ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ১২ জুন ২০২২ তারিখ রবিবার BCDM, সাভারে অনুষ্ঠিত 'চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়' বিষয়ক দিনব্যাপী কর্মশালার প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

সংযুক্তি: কর্মশালার প্রতিবেদন।

২৭-৬-২০২২

নাসরীন আফরোজ

ব্যবস্থাপনা পরিচালক

ফোন: ০২-৮১৯২২০০

ইমেইল: md@pmeat.gov.bd

সচিব

সচিবের দপ্তর

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

দৃষ্টি আকর্ষণঃ প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

স্মারক নম্বর: ৩৭.২৪.০০০০.০০৪.২৯.০০১.২০.১৪৯/১(৩)

তারিখ: ১৩ আষাঢ়, ১৪২৯

২৭ জুন ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট (ট্রাস্টের ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ৩) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট

২৭-৬-২০২২

রেজওয়ানা আক্তার জাহান

সহকারী পরিচালক

দপ্তর: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

বিষয়: প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের কর্মকর্তা-কর্মচারীদের অংশগ্রহণে ‘চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ বিষয়ক ১২ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালার প্রতিবেদন প্রেরণ।

মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনায় প্রণীত প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্টের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২ এর কার্যক্রম ১.৬ অনুযায়ী ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজনের বাধ্যবাধকতা রয়েছে। এর পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ১২ জুন ২০২২ তারিখ রবিবার BCDM, সাভারে ‘চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ বিষয়ক দিনব্যাপী কর্মশালার আয়োজন করা হয়। উক্ত কর্মশালা উদ্বোধন করেন ট্রাস্টের ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত সচিব) বেগম নাসরীন আফরোজ।

২। ‘চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ বিষয়ক অনুষ্ঠিত কর্মশালায় ট্রাস্টের ২১ জন কর্মকর্তা-কর্মচারী অংশগ্রহণ করেন। BCDM এর সম্মেলন কক্ষে সম্পূর্ণ স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক আয়োজিত উক্ত কর্মশালায় আলোচক হিসেবে উপস্থিত ছিলেন যথাক্রমে ট্রাস্টের পরিচালক কাজী দেলোয়ার হোসেন, উপপরিচালক জনাব জান্নাতুল ফেরদৌস এবং সমন্বিত উপবৃত্তি কর্মসূচির উপপরিচালক জনাব শ. ম. সাইফুল আলম। কর্মশালায় র‍্যাঁপোর্টিয়ারের দায়িত্ব পালন করেন ট্রাস্টের সহকারী পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) জনাব রেজওয়ানা আক্তার জাহান এবং প্রোগ্রামার জনাব রাজিবুল হাসান।

৩। প্রধানমন্ত্রীর শিক্ষা সহায়তা ট্রাস্ট কর্তৃক ‘চতুর্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোকাবেলায় করণীয়’ বিষয়ক ১২ জুন ২০২২ তারিখে অনুষ্ঠিত কর্মশালার স্থিরচিত্র:-



Rahman

২৭-৬-২০২২ ১০:২২:০৪
রেজওয়ানা আক্তার জাহান

